

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৫০

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাভিযানে হত্যার বর্ণনা

আরবী

وَعَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ قَالَ: غَزَوْنَا مَعَ أَبِي بَكْرٍ زَمْنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَيْتَنَا هُمْ وَكَانَ شِعَارُنَا تِلْكَ اللَّيْلَةَ: أَمِتْ أَمِتْ. رَوَاهُ أَبُو دَاؤِدُ

বাংলা

৩৯৫০-[১৪] সালামাহ্ ইবনুল আক্‌ওয়া' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময় আবু বকর (রাঃ)-এর নেতৃত্বে এক অভিযানে শক্রের ওপর রাতের বেলায় আক্রমণ করি, তখন আমাদের সংকেত ছিল 'আমিত আমিত' অর্থাৎ- (হে আল্লাহ!) শক্রদেরকে ধ্বংস কর (মৃত্যু দাও)। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ২৬৩৮, আহমাদ ১৬৪৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (কানَ شِعَارُنَا تِلْكَ اللَّيْلَةَ : أَمِتْ أَمِتْ) অর্থাৎ- ঐ রাতে আমাদের প্রতীকী চিহ্ন ছিল (أَمِتْ أَمِتْ) গুরুত্বারোপের জন্য শব্দটি বারংবার উল্লেখ করা হয়েছে। অথবা উদ্দেশ্য হলো- এ শব্দটি ঐ শব্দের অন্তর্ভুক্ত যা বারংবার উল্লেখ করা হয়। একমতে বলা হয়েছে, সম্মোধিত সত্ত্বা একমাত্র আল্লাহ তা'আলা। কেননা তিনি মৃত্যুদানকারী, সুতরাং অর্থ হলো- হে সাহায্যকারী! তুমি মৃত্যু দাও”।

আর শারহস্ত সুন্নাতে আছে, “হে সাহায্যপ্রাপ্তি! তুমি হত্যায়জ্ঞ চালাও, এ ক্ষেত্রে সম্মোধিত ব্যক্তি যোদ্ধা”।  
(মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আকতওয়া' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69277>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন